

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.৯৯.৯১২.১৭-৫১১

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সরকারী আউট সোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী অত্র কর্পোরেশনে নিরাপত্তা প্রহরী ও সুইপার নিয়োগের নিমিত্তে 'সার্ভিস চার্জ' সংক্রান্ত তথ্য সরবরাহ প্রসঙ্গে।


সূত্র: সাধারণ বীমা কর্পোরেশনের পত্রনং-সাবীক/প্রকা/সংস্থাপন/দরপত্র/মূল্যায়ন/আউটসোর্সিং/২০১৭/৩৪৮; তারিখ: ০৭/০৯/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিঃশেষক্রমে জানানো যাচ্ছে যে, আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান একটি চুক্তির মাধ্যমে ক্রয়কারীকে এ সেবা প্রদান করে থাকে এবং এখানে শুধুমাত্র সার্ভিস চার্জ বা কমিশন থেকে প্রতিষ্ঠানের আয়/মুনাফা হবে। যে কোন চুক্তির ক্ষেত্রে 'consideration' একটি পূর্ব শর্ত এবং 'consideration' ব্যতীত চুক্তি হবেনা। এক্ষেত্রে সার্ভিস চার্জ বা কমিশনই 'consideration'। সুতরাং শূন্য সার্ভিস চার্জ/কমিশন গ্রহণযোগ্য হবে না অর্থাৎ এ ক্ষেত্রে চুক্তির শর্ত পূরণ হবে না।

২। অস্বাভাবিক কম সার্ভিস চার্জ/কমিশন প্রদান বন্ধের জন্য সিপিটিইউ থেকে প্রণীত আদর্শ দরপত্র দলিল PSN (June 2017) এর ITT 22.7 এ সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের ন্যূনতম কমিশন উদ্ধৃত করার ব্যবস্থা রাখা হয়েছে। এ সংক্রান্ত Clause টি নিম্নরূপঃ-

"Tenderer's quoting rate of service commission of the Tender less than the specific threshold specified in TDS & Section 6: Activity schedule of the Tender Document as stated under ITT Sub 22.6, shall be rejected."

ক্রয়কারী দরপত্র দলিল প্রস্তুত করার সময় সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবার জন্য ন্যূনতম কমিশনের পরিমাণ TDS এ ITT 22.7 এর বিপরীতে উল্লেখ করবে। কোন দরদাতা ক্রয়কারী কর্তৃক উল্লিখিত ন্যূনতম কমিশনের কম উদ্ধৃত করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। এছাড়া দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করা হলে দরপত্র মূল্যায়নে পিপিআর-২০০৮ এর বিধি-৯৮(২৩) এর সংস্থানও প্রয়োগ করা যেতে পারে।


১০/১০/১৭
(মোসাঃ মৌসুমী হাবিষ)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১১৬

ব্যবস্থাপনা পরিচালক
সাধারণ বীমা কর্পোরেশন
সংস্থাপন বিভাগ, প্রধান কার্যালয়
৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
[দৃঃআঃ ডেপুটি জেনারেল ম্যানেজার, সংস্থাপন বিভাগ, সাবীক]

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।